



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/৪৫৬(০২)/

তারিখ:

বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পরিসংখ্যান, ইতিহাস, কৃষি শিক্ষা এবং অর্থনীতি বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৯-১১-২০১৬ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭০.১১.০৪৯.২০১৬-৭৯০ নং স্মারক পত্র।
খ) অধ্যক্ষ মহোদয়ের ১০-০১-২০১৬ খ্রি. তারিখে অনলাইনে প্রেরিত (আইডি নং-৯১৯০) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আলোচ্য কলেজে নিম্ন বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পরিসংখ্যান, ইতিহাস, কৃষি শিক্ষা এবং অর্থনীতি বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল।

শর্তাদি :-

- ১। অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে (এমপিও না দেয়ার শর্তে) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদী-সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহন করবে না।
- ৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসেবে বিবেচিত হবে না।
- ৬। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারে।
- ৭। বে-সরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৮। সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় এ বিষয় খোলার আদেশ বাতিল বা স্থগিত করতে পারে।
- ৯। NTRCA সনদধারী শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে।
- ১০। শিক্ষক নিয়োগে মহিলা শিক্ষক কোটার শর্ত পূরণ করতে হবে।
- ১১। পরীক্ষার পূর্বেই পরীক্ষার বিশেষ অনুমতি ফি ১০০০/- টাকা জমা করে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে।
- ১২। গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ১৩। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

২৪/১:

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮।

অধ্যক্ষ

বুজরুক শ্রীকুম্ভী মহাবিদ্যালয়

ডাক ও উপজেলা : মাগুরা সদর, মাগুরা।

স্মারক নং -ক/অ/৪৫৬(০২)/১৩৬(৮)/৬-৮

তারিখ : ২২/০১/২০১৭

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ৬। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৮। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।